

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাণিসম্পদ অধিদপ্তর  
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।  
[www.dls.gov.bd](http://www.dls.gov.bd)

“আমিষেই শক্তি, আমিষেই মুক্তি”

স্মারক নং-৩৩.০১.০০০০.১১৪.৩৫.০১১.২৫-১২৫

তারিখঃ ০৪/০৩/২০২৬ খ্রিঃ

বিষয়ঃ ইয়ন বায়ো-সায়েন্স লিমিটেড-কে ইউএসএ হতে ১০০০ (এক হাজার) মাত্রা হলস্টিন ফ্রিজিয়ান জাতের হিমায়িত (sex sorted) সিমেন আমদানির অনুমতি প্রদান সংক্রান্ত।

সূত্রঃ (১) ইয়ন বায়ো সায়েন্স লিঃ, বদরগঞ্জ, রংপুর এর ০৫-০২-২০২৬ তারিখের নং-ইবিএসএল-২০২৬/০০৫ সংখ্যক আবেদন।

(২) National Technical Regulatory Committee (NTRC)-এর ২৪-০৯-২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত নং- ৬.৫.৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ ১ নং ইয়ন বায়ো-সায়েন্স লিমিটেড এর আবেদন এবং ২ নং ক্রমিকের National Technical Regulatory Committee (NTRC)-এর ২৪-০৯-২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত নং- ৬.৫.৯ এর প্রেক্ষিতে আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর অনুচ্ছেদ ২৫ (২৯) (৩৪ক) (৩৪খ) ও National Livestock Policy-2007, পশুরোগ আইন-২০০৫ এর সংশ্লিষ্ট ধারা এবং বিধিমালা-২০০৮, বিদ্যমান Breeding Policy, পশু ও পশুজাত পণ্যের সংগনিরোধ আইন-২০০৫ এবং বেসরকারী পর্যায়ের কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার সংশোধিত নীতিমালা-২০১৬ এর শর্তাবলী অনুসরণ পূর্বক ইয়ন বায়ো সায়েন্স লিঃ- কে তাদের নিজস্ব খামারে ব্যবহারের জন্য ইউএসএ হতে ১০০০ (এক হাজার) মাত্র হলস্টিন ফ্রিজিয়ান জাতের হিমায়িত (sex sorted) সিমেন নিম্নে বর্ণিত শর্তসাপেক্ষে আমদানি করার অনুমতি প্রদান করা হলো।

**শর্তাবলী:**

১। আমদানিতব্য Bovine Semen Straws শুধুমাত্র ইয়ন বায়ো সায়েন্স লিঃ এর নিজস্ব খামারে ব্যবহার করতে হবে। কোন অবস্থাতেই আমদানিকৃত সিমেন অথবা আমদানিকৃত সিমেন থেকে উৎপাদিত বকনা বা ষাঁড় অথবা ষাঁড়ের সিমেন নিজস্ব খামারের বাহিরে অন্যত্র স্থানান্তর বা ব্যবহার করা যাবে না।

২। সিমেন আমদানির পূর্বে ষাঁড় সমূহের Pedigree & Performance প্রাণিসম্পদ অধিদপ্তর হতে অনুমোদন করিয়ে নিতে হবে।

৩। আমদানিতব্য বীজ (Semen) এর ক্ষেত্রে অনুমোদিত ব্রিডিং নীতিমালা অনুসারে হিমায়িত বীজ (Semen) উৎপাদনকারী/ প্রদানকারী ব্রিড বা জাতের ষাঁড় অবশ্যই Proven Bull হতে হবে এবং বীজ (Semen) উৎস দেশের Breeding Society কর্তৃক Proven Bull হিসেবে অনুমোদিত হতে হবে।

৪। Bovine Semen Straws রপ্তানিকারক দেশের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সিমেন উৎপাদনকারী Bull সমূহের স্বাস্থ্য সনদ থাকতে হবে এবং বন্দরে পৌঁছার সাথে সাথে সরকার অনুমোদিত পরিষ্কাগারে Bovine Semen Straws এর গুণগত মান পরিষ্কা করতে হবে।

৫। প্রজনন কার্যক্রম শুরুর পূর্বেই আমদানিকৃত Bovine Semen Straws গুণগত মান কৃত্রিম প্রজনন ল্যাবরেটরি, সাভার, ঢাকা হতে পরীক্ষান্তে প্রত্যয়ন পত্র গ্রহণ করতে হবে।

৬। প্রাণিসম্পদ অধিদপ্তরের জনবল দ্বারা গাভী প্রজনন করাতে হবে।

৭। Bovine Semen Straws আমদানির পর Bovine Semen Straws এর ব্যবহার এবং কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন প্রতিমাসে সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বরাবরে দাখিল করতে হবে।

৮। ফার্মের Bio-Security নিশ্চিত করতে হবে।

৯। আমদানি সংক্রান্ত সকল বিধিমালা অনুসরণ করতে হবে।

১০। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সরেজমিনে খামার পরিদর্শন করে একটি প্রতিবেদন প্রাণিসম্পদ অধিদপ্তরে দাখিল করবেন।

স


১১। সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এ বিষয়ে ফোকাল পয়েন্ট/কন্টাক্ট পার্সন হিসাবে কাজ করবেন। তিনি প্রতিমাসে খামার পরিদর্শন করে খামারের সার্বিক বিষয়ে একটি প্রতিবেদন অধিদপ্তরে দাখিল করবেন এবং একাজে খামার কর্তৃপক্ষ সার্বিক সহযোগিতা করবেন।

১২। উল্লিখিত **Bovine Semen Straws** আমদানির অনুমোদন কোন অবস্থাতেই ভবিষ্যতে আমদানির ক্ষেত্রে **Reference** হিসেবে গ্রহণযোগ্য হবে না।

১৩। উপরোক্ত কোন শর্ত ভঙ্গ করলে, ভবিষ্যতে কোন আবেদন বিবেচনার অযোগ্য বলে বিবেচিত হবে এবং বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। এ আদেশের মেয়াদ ইস্যুর তারিখ থেকে ০৬ (ছয়) মাস পর্যন্ত বলবৎ থাকবে।

১৫। কর্তৃপক্ষ জনস্বার্থে যে কোন সময় এ আদেশ স্থগিত/ বাতিল করার পূর্ণক্ষমতা সংরক্ষণ করেন।

  
(ডাঃ মোঃ মউদুদুর রহমান খান)  
উপপরিচালক  
লেজিসলেসন ও প্রশাসন/নিবন্ধন/সার্টিফিকেশন,  
পক্ষে-মহাপরিচালক  
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

ব্যবস্থাপনা পরিচালক  
ইয়ন বায়ো সায়েন্স লিঃ,  
বদরগঞ্জ, রংপুর।

জ্ঞাতার্থে ও কার্যার্থে (প্রয়োজ্য ক্ষেত্রে) অনুলিপি:

- ১। পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
- ২। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রংপুর।
- ৪। উপপরিচালক (এ আই ল্যাব), কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার, সাভার, ঢাকা।
- ৫। অফিসার-ইন-চার্জ, লাইভস্টক কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, বাংলাদেশ, ঢাকা।
- ৬। আইসিটি অফিসার, আইসিটি শাখা, ডিএলএস, ঢাকা (ডিএলএস এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। অফিস কপি।